# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৭৬০

২৯/ দু‘আ ও যিকর

পরিচ্ছেদঃ ঘুমাবার সময়ের দু‘আ

---

আরবী

وَعَنْ حُذَيْفَةَ وَأَبِي ذَرٍّ رَضِيَ اللهُ عَنهُمَا : أَنَّ رَسُوْلَ اللهِ ﷺ كَانَ إِذَا أَوَى إِلَى فِراشِهِ قَالَ بِاسْمِكَ اَللّٰهُمَّ أَحْيَا وَأَمُوتُ رواه البخاري

বাংলা

মহান আল্লাহ বলেন,

إِنَّ فِيْ خَلْقِ السَّماوَاتِ وَالأَرْضِ وَاخْتِلاَفِ اللَّيْلِ وَالنَّهَارِ لآيَاتٍ لِأُوْلِي الأَلْبَابِ، الَّذِينَ يَذْكُرُونَ اللهَ قِيَاماً وَقُعُوداً وَعَلَى جُنُوبِهِمْ وَيَتَفَكَّرُونَ فِي خَلْقِ السَّمَاوَاتِ وَالأَرْضِ

অর্থাৎ, নিশ্চয় আকাশমণ্ডলী ও পৃথিবীর সৃষ্টিতে এবং রাত ও দিনের পরিবর্তনে জ্ঞানী লোকেদের জন্য নিদর্শন রয়েছে। যারা দাঁড়িয়ে, বসে এবং শুয়ে আল্লাহকে স্মরণ করে এবং আকাশমণ্ডলী ও পৃথিবীর সৃষ্টি সম্বন্ধে চিন্তা করে। (সূরা আলে ইমরান ১৯০-১৯১)

---

(৩৭৬০) হুযাইফা ও আবূ যার (রাযিয়াল্লাহু আনহুমা) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শোবার সময় এই দু'আ পড়তেন, 'বিসমিকাল্লাহুম্মা আহ্ইয়াহ অ আমূত।' অর্থাৎ, হে আল্লাহ! তোমার নামেই আমি বাঁচি ও মরি)।

ফুটনোট

(বুখারী ৭৩৯৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67508

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন